

২০২৩

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

পঞ্চম সেমিস্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

[ নতুন পাঠ্যক্রম ]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$ 

ক) 'করালী খুঁজে বেড়াত তার মাকে' — করালী তার মাকে কোথায় কোথায় খুঁজে বেড়াত?

খ) 'জাত ওই একই হে, চিতির জাত' — উক্তিটি কার? 'চিতির জাত' বলতে বক্তা কী বোঝাতে চেয়েছেন?

গ) 'পাখিকে শাখা-শাড়ি-সিঁদুর-নোয়া ছাড়াও দেবে অনেক জিনিস' — প্রসঙ্গ উল্লেখ করো। অনেক জিনিস বলতে কী কী বোঝানো হয়েছে?

ঘ) 'কালোশশীর মধ্যে নেশা আছে, সে নেশার ঘোর কাটিয়ে ওঠা সহজ নয়।' — কে এই কালোশশী? কালোশশী সম্পর্কে এই উপলব্ধিই বা কার?

[পরপৃষ্ঠায়]

- ঙ) 'সুচাঁদ পিসি বলে — আমার বাবার বাবা দেখেছেন' — সুচাঁদ পিসির পরিচয় দাও। বাবার বাবা কী দেখেছেন?
- চ) 'অমাবস্যার গান' উপন্যাসটির প্রথম সংস্করণ কবে কোথা থেকে প্রকাশিত হয়েছিল? লেখক কাকে উৎসর্গ করেন?
- ছ) 'বিনা করে অবাধে তীর্থবাসের অধিকার দেওয়া হল তাঁকে' — কে কাকে কোথায় অবাধ তীর্থবাসের অধিকার দিলেন?
- জ) 'না দিদি, সংসার আমাকে দিয়ে হবে না। এতদিন বিবাগী হয়ে কাটিয়েছি, বাকী জীবনটাও কাটিয়ে দেব।' — বক্তা কে? দিদির নাম কী? উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করো।
- ঝ) 'দৃশ্যটা সহ্য করা যায় না— ভারতচন্দ্র চোখ ফিরিয়ে নিলেন' — দৃশ্যটি সংক্ষেপে উল্লেখ করো।
- ঞ) 'আপনি গুণিজনের প্রতিপালক, তাই আপনার সভাই এঁর যোগ্যস্থান বলে মনে করি।' — বক্তা কে? কার সভার কথা বলেছেন? কে কেনইবা যোগ্য?
- ট) 'চুরাশী পরগণা জুড়ে তাঁর রাজত্ব' — কার রাজত্ব? আলীবর্দী খাঁ আদর করে তাঁকে কী নাম দিয়েছেন? তাঁর রাজ্যের ভৌগোলিক সীমা উল্লেখ করো।
- ঠ) 'পথের পাঁচালী' উপন্যাসটির তৃতীয় অংশটির শিরোনাম উল্লেখ করে অর্থটি লেখো।
- ড) 'পথের পাঁচালী' উপন্যাসটি কোন পত্রিকায় কত সালে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? গ্রন্থাকারে প্রথম কবে প্রকাশিত হয়?

- ঢ) 'মেটে রঙের পুরু পুরু পাতাগুলোর এই গন্ধটা তাহার বড় ভালো লাগে'— কার ভালো লাগে? কোন বইয়ের পাতার কথা বলা হয়েছে?
- ণ) 'গ্রামের বৃদ্ধ নরোত্তম দাস বাবাজির সঙ্গে অপূর বড় ভাব' — এই নরোত্তম দাস বাবাজির পরিচয় দাও।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ক) কাহার পাড়ার মাতব্বর হিসেবে বনওয়ারী চরিত্রটি সংক্ষিপ্ত বিশ্লেষণ করো।
- খ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটির প্রেক্ষাপট, পটভূমি এবং সময়কাল উল্লেখ করো।
- গ) 'মা যে আমাদের ফাঁকি দিয়ে চলে গিয়েছে গো' — বক্তা কে? কোন প্রসঙ্গে এই মন্তব্য? মা কে? প্রসঙ্গত ফাঁকি দিয়ে চলে যাবার করুণ দৃশ্যটি সংক্ষেপে লেখো।
- ঘ) 'পথের পাঁচালী' উপন্যাসের প্রথম মৃত্যুদৃশ্যটির তাৎপর্যটি সংক্ষিপ্তভাবে লেখো।
- ঙ) 'সেই না-ঘুম না-জাগার ভেতরে নিজের অতীতটা ছায়া-ছায়া আর ছাড়া ছাড়া ছবির মতো চেতনার ওপর ভেসে বেড়াতে লাগল।' — কার অতীতের কথা বলা হয়েছে? উপন্যাসের বর্ণনা অনুযায়ী এই অতীত সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- চ) 'অমাবস্যার গান' উপন্যাসটির গোত্রবিচার বিষয়ে তোমার মতামত লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটিতে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় সামন্ততন্ত্রের অবক্ষয় এবং ধনতন্ত্রের উত্থান কীভাবে দেখিয়েছেন তা নিজের মতো করে আলোচনা করো।
  - খ) 'পথের পাঁচালী' উপন্যাসে সর্বজয়ার চরিত্র বিশ্লেষণ করো।
  - গ) 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণ সম্পর্কে আলোচনা করো।
  - ঘ) 'অমাবস্যার গান' উপন্যাস অনুযায়ী ভারতচন্দ্র রায়ের অন্তর্ভুক্তির কারণ ও প্রাসঙ্গিকতা আলোচনা করো।
-